



বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড শৃংখলা পরিদপ্তর

১৪৯, আনসার চেম্বার(৭ম তলা) মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

নং- ২৮৭-পাউবো/শৃং/শা-২/অভি(ক)-০১/২০১৬

তারিখঃ ০৭-০৫-১৪২৬ বঙ্গাব্দঃ
২২-০৮-২০১৯ খ্রিঃ

দপ্তরাদেশ

গঙ্গা ব্যারেজ সমীক্ষা প্রকল্পের নির্বাহী প্রকৌশলী বর্তমানে তত্ত্বাবধায়ক প্রকৌশলী জনাব গাজী মোঃ আলতাফুজ্জামান কর্তৃক বার্ষিক কার্যসম্পাদন প্রতিবেদন (APR) প্রকৃত 'প্রতিবেদন প্রদানকারী কর্মকর্তা' ব্যক্তিরেকে অন্য পছন্দসই কর্মকর্তা/অবসরপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক ভূয়া প্রতিবেদন তৈরীর মাধ্যমে উহা দাখিল করায় সংশ্লিষ্ট প্রতিবেদনাবীন কর্মকর্তাগণের বিরুদ্ধে চাকরি বিধি মোতাবেক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে পরিচালক, কর্মচারী উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা বরাবর ০৭-০৬-২০১৫ খ্রিঃ তারিখে দাখিলকৃত পত্রে উল্লিখিত অভিযোগে জনাব মোহাম্মদ আবুল হোসেন, নির্বাহী প্রকৌশলী (প্রেষণ আদেশপ্রাপ্ত), পিএমইউ-ক্যাপিটাল (পাইলট) ড্রেজিং অব রিভার সিস্টেম ইন বাংলাদেশ (সিডিআরএসবি), বাপাউবো, ঢাকা এর বিরুদ্ধে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারি) চাকরি প্রবিধানমালা-২০১৩ অনুযায়ী অত্র দপ্তরের স্মারক নং ৬৬-পাউবো/শৃং/শা-২/অভি(ক)-০১/২০১৬ তারিখ ১৯-০২-২০১৮খ্রিঃ এর মাধ্যমে অভিযোগনামা প্রণয়নপূর্বক কার্যধারা সূচনা করে ১০(দশ) কার্যদিবসের মধ্যে আত্মপক্ষ সমর্থনে লিখিত বিবৃতি দাখিলের জন্যে নির্দেশনা প্রদান করা হয়।

২। জনাব মোহাম্মদ আবুল হোসেন, নির্বাহী প্রকৌশলী এর বিরুদ্ধে সূচিত কার্যধারায় উল্লিখিত অভিযোগের প্রেক্ষিতে তিনি লিখিত বিবৃতি দাখিল করেন এবং দাখিলকৃত বিবৃতি/জবাব পরীক্ষা-নিরীক্ষা ও পর্যালোচনায় কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত সিদ্ধান্ত মোতাবেক অত্র দপ্তরের দপ্তরাদেশ নং-৩৫৭-পাউবো/শৃং/শা-২/অভি(ক)-০১/২০১৬ তারিখ ০৯-১২-২০১৮ খ্রিঃ এর মাধ্যমে একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তৎপ্রেক্ষিতে তদন্ত কর্মকর্তা তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

৩। তদন্ত কর্মকর্তার দাখিলকৃত তদন্ত প্রতিবেদন এবং আনুসঙ্গিক রেকর্ডপত্রাদি যথাযথভাবে পরীক্ষা-নিরীক্ষা ও পর্যালোচনান্তে জনাব মোহাম্মদ আবুল হোসেন, নির্বাহী প্রকৌশলী এর বিরুদ্ধে আনীত অভিযোগে তিনি দোষী প্রমাণিত হওয়ায় তাকে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারি) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(ক)(অ) মোতাবেক "তিরস্কার" (censure) দণ্ড আরোপের সিদ্ধান্ত কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হয়।

৪। অতএব, উপরোক্ত সিদ্ধান্ত মোতাবেক এতদ্বারা জনাব মোহাম্মদ আবুল হোসেন, নির্বাহী প্রকৌশলী (প্রেষণ আদেশপ্রাপ্ত), পিএমইউ-ক্যাপিটাল (পাইলট) ড্রেজিং অব রিভার সিস্টেম ইন বাংলাদেশ (সিডিআরএসবি), বাপাউবো, ঢাকাকে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারি) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(ক)(অ) মোতাবেক "তিরস্কার" (censure) দণ্ড আরোপ করা হলো।

৫। এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

২২/০৫/২০১৯
(ফেরদৌসি বেগম)

পরিচালক

পরিচিতি নম্বরঃ ৬৩১২৩০০০১

টেলিফোন নম্বর : ৯৫৫০৩৫৩


dir.discipline.bwdb@gmail.com

নং- ২৮৭(১০)-পাউবো/শৃং/শা-২/অভি(ক)-০১/২০১৬

তারিখঃ ০৭-০৫-১৪২৬ বঙ্গাব্দ
২২-০৮-২০১৯ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। প্রধান প্রকৌশলী, পানি বিজ্ঞান, বাপাউবো, ঢাকা।
- ২। প্রকল্প পরিচালক, গঙ্গা ব্যারিজ সমীক্ষা প্রকল্প, বাপাউবো, ঢাকা।
- ৩। সচিব, বাপাউবো, ঢাকা।
- ৪। পরিচালক, কর্মচারী পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
- ৫। পরিচালক, কর্মচারী উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
- ৬। পরিচালক, হিসাব/অর্থ/অডিট পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
- ৭। সিস্টেম এনালিস্ট, প্রধান মনিটরিং এর দপ্তর, আইসিটি সেল, বাপাউবো, ঢাকা। দপ্তরদেশটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্যে অনুরোধ করা হলো।
- ৮। সি,এস,ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
- ৯। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।
- ১০। জনাব মোহাম্মদ আবুল হোসেন, নির্বাহী প্রকৌশলী (প্রেমণ আদেশপ্রাপ্ত), পিএমইউ-ক্যাম্পিটাল (পাইলট) ড্রেজিং অব রিভার সিস্টেম ইন বাংলাদেশ (সিডিআরএসবি), বাপাউবো, ঢাকা।


(শেখ মোঃ আব্দুল ওয়াহেদ)
উপ পরিচালক
পরিচিতি নম্বর-৬৩০৫৩০০০১
টেলিফোন -৯৫৫৯৮০৮।

সংখ্যা নং ৩৫৪৪
প্রোগ্রামার ৩
সহকারী প্রোগ্রামার ১/২
নোটিওয়ার্ক প্রকৌশলী
সিস্টেম এনালিস্ট ১/২
আইসিটি সেল, বাপাউবো ঢাকা

* তারিখঃ ২৫/৮/১৯
* জরুরী
* প্রয়োজনীয় ব্যবস্থা নিম্ন
* নথিতে পেশ করুন
* নথিতে রাখুন
* স্থাপিত পত্র দিন